



বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল

২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী
পুরাতন ৮৬ বিজয়নগর, ঢাকা-১০০০।

বিজ্ঞপ্তি



ডা: বি কে দাস

সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অধ্যাপক ডা: বিজয় কৃষ্ণ দাস (ডা: বি কে দাস), কেয়ার মেডিকেল কলেজ হাসপাতাল, ১/৫, ব্লক-বি, মোহাম্মদপুর হাউজিং স্টেট, কলেজ গেট, মিরপুর রোড, ঢাকা কর্তৃক ১১ মাসের শিশু সন্তান এর মুখে আংশিক তালু কাটা অপারেশনে শিশুটির মৃত্যু হয়। এই মর্মে শিশুটির বাবা ও মা অত্র কাউন্সিলে অভিযোগ দাখিল করেন। উক্ত অভিযোগের প্রেক্ষিতে কাউন্সিল অভিযোগকারী এবং চিকিৎসক উভয়ের স্বাক্ষার গ্রহন ও তদন্তে প্রমানিত হয় যে, চিকিৎসা কার্যে চিকিৎসকের যথেষ্ট গাফিলতি ছিল তাহা প্রমানিত হইয়াছে। এমতাবস্থায় বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল আইন, ২০১০(৬১ নং আইন) এর ২৩(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বিএমএন্ডডিসি হইতে প্রদত্ত অধ্যাপক ডা: বিজয় কৃষ্ণ দাস (ডা: বি কে দাস) এর রেজিস্ট্রেশন (A-16886, Date of Registration: 11.06.1988) ৬ (ছয়) মাসের জন্য স্থগিত করা হইল। অত্র স্থগিত আদেশ ২২/০৬/২০২৩ইং তারিখ হইতে কার্যকর হইবে। উল্লেখিত সময়ে বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল আইন, ২০১০ (৬১ নং আইন) এর ধারা ২২(১) অনুযায়ী তিনি কোথাও কোনরূপ চিকিৎসা সেবা প্রদান করিতে পারিবেন না। এমনকি উক্ত সময়ে তিনি নিজেকে চিকিৎসক হিসাবে পরিচয় দিতে পারিবেন না।

ডা: মো: লিয়াকত হোসেন
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল